

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd



নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক, ট্যাকসেস লিগ্যাল, কর-২২ ও ট্যাকসেস এনফোর্সমেন্ট, কর-২১ (অতিরিক্ত দায়িত্ব) শাখা গত ২৪/১২/২০২৫ খ্রি. তারিখ বুধবার হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা দাপ্তরিক কাজে তার অবহেলা প্রতীয়মান হয়। সে প্রেক্ষিতে গত ১৮/০১/২০২৬ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯.৯৮৮ নং স্মারক মোতাবেক বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি তিনি জবাব দাখিল করেন নাই; এবং

- ০২। যেহেতু, জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৪/১২/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুসারে 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- ০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ ধারা অনুযায়ী জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'কে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।
- ০৪। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।
- ০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯ /১১৮(২)

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।